

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১
বাজেট-২ অধিশাখা
www.mof.gov.bd

সচিব দপ্তর শিল্প মন্ত্রণালয়	
ফর্ম নং.....৪৮-১০	
তারিখ: ০৮/০৮/২০১৫	
সচিব	
অতিরিক্ত সচিব (প্রশাসন)	
অতিরিক্ত সচিব (কম)	
অতিরিক্ত সচিব (অপ)	
অতিরিক্ত সচিব (বিভাগ)	
সহকারী সচিব (আইন)	
সহকারী সচিব (জিআই/ডিপিও)	
সহকারী সচিব (সিআই/ডিপিও)	
সচিব	

তারিখ: ০০/০৭/২০১৫খ্রিঃ
১৫/০৮/১৪২২ বঃ

নং-০৭.০০.০০০০.১০২.০১৮.০০২.২০১৫-৫২৬

পরিপত্র

বিষয়: ২০১৪-১৫ অর্থবছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত।

সূত্র: অর্থ বিভাগের ০৪/০৫/২০১৫ তারিখের পরিপত্র নং-০৭.০০.০০০০.১০২.০১৮.০০২.২০১৫-২২৫।

লক্ষ্য করা যাচ্ছে যে, গত ২০১৪-১৫ অর্থবছরে জারিকৃত সূত্রোক্ত পরিপত্রের নির্দেশমতে ইস্যুকৃত চেকসমূহ যথাসময়ে ব্যাংকে জমা না দেওয়ার কারণে চেকের মেয়াদ উত্তীর্ণ হয়ে যায়। এ পরিস্থিতিতে চেক প্রাপকগণ যাতে তাঁদের পাওনা থেকে বঞ্চিত না হন সে জন্য সরকার চেক নগদায়নের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- (ক) বেতন-ভাতা, পেনশন, জিপি ফান্ড এবং ভ্রমণ সংক্রান্ত ব্যক্তিগত পাওনা পরিশোধের লক্ষ্যে ইস্যুকৃত তামাদি চেকসমূহ চেক ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট ৩১ আগস্ট, ২০১৫ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। চেক ইস্যুকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করে চেকে প্রদত্ত অর্থ নগদায়ন করা না হয়ে থাকলে উক্ত চেক বাতিল করে নতুন চেক ইস্যুর ব্যবস্থা গ্রহণ করবেন।
- (খ) উপানুচ্ছেদ- (ক) এ উল্লিখিত চেকসমূহের বাইরে অন্যান্য তামাদি চেক পুনরায় ইস্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার বিভাগীয় প্রধান কর্তৃক চেক সময়মত না ভাঙ্গানোর কারণ এবং এ সংক্রান্ত কাজ ও সরবরাহ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে মর্মে প্রত্যয়নসহ আগামী ৩১ আগস্ট, ২০১৫ তারিখের মধ্যে চেক ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট আবেদন পেশ করতে হবে। তবে ১,০০,০০০/- (এক লক্ষ) বা তদুর্ধ্ব অঙ্কের চেকের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিব (Principal Accounting Officer) এর প্রত্যয়ন নিতে হবে। চেক ইস্যুকারী কর্তৃপক্ষ আবেদনসমূহ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পরীক্ষা-নিরীক্ষা করে চেকে প্রদত্ত অর্থ নগদায়ন করা না হলে উক্ত চেক বাতিল করে নতুন চেক জারির ব্যবস্থা গ্রহণ করবে।

২. নতুন চেক ইস্যুর এ কার্যক্রম আগামী ১৫ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের মধ্যে সমাপ্ত করতে হবে। সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাগণ বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা ভিত্তিক জমাকৃত মেয়াদোত্তীর্ণ চেকের স্থলে ইস্যুকৃত নতুন চেকের তালিকা আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের মধ্যে অর্থ বিভাগ ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণ করবে।

(মোঃ হাবিবুর রহমান)
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোন: ৯৫৭৬০৪৩

শিল্প মন্ত্রণালয়
বাজেট ব্যবস্থাপনা অধিশাখা

নং- ৩৬.০০.০০০০.০৪৩.২০.০০৩.১৪- ৫২১

তারিখ: ১০- ০৮- ২০১৫খ্রিঃ

পরিপত্র এর মর্মানুসারে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা অনুসারে নহে) :

- ১। চেয়াম্যান, বিসিআইসি/বিএসএফআইসি/বিএসইসি/বিসিক, ঢাকা।
- ২। মহা- পরিচালক, বিএসটিআই/বিআইএম/বিটাক/বিএবি, ঢাকা।
- ৩। রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেড মার্কস অধিদপ্তর, ঢাকা।
- ৪। যুগ্ম- প্রধান (পরিকল্পনা উইং), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রধান বয়লার পরিদর্শক, বয়লার অফিস, ঢাকা।
- ৬। উপ- সচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। পরিচালক, এনপিও, মতিঝিল, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। অফিস কপি।

(মোঃ জাহাঙ্গীর হোসেন বেপারী)
সহকারী সচিব (বাজেট)

ফোন: ৯৫৮৫১৮৩

e-mail:asbudget@moind.gov.bd